

ত্রিপুরা সরকার
সংখ্যালঘু কল্যাণ দপ্তর

মৌলানা আবুল কালাম আজাদ স্মৃতি মেধা পুরস্কার এবং বেগম রোকেয়া স্বর্ণ পদক পুরস্কার-২০২০ প্রদান
সংক্রান্ত বিজ্ঞপ্তি

অন্যান্য বৎসরের ন্যায় এই বৎসরেও সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত {মুসলিম, বৌদ্ধ (অ-উপজাতি), খ্রীষ্টান(অ-উপজাতি), শিখ, জৈন } ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী যে সকল মেধাবী ছাত্রছাত্রী ২০২০ইং সনে কোন স্বীকৃত বিদ্যালয় বা মাদ্রাসা হইতে মাধ্যমিক, মাদ্রাসা (আলিম), উচ্চ-মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল (উচ্চমাধ্যমিক) পরীক্ষায় কমপক্ষে ৬০ শতাংশ নম্বর পাইয়া (সকল বিষয়ে পাশ করিতে হইবে) প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছে তাহাদিগকে মৌলানা আবুল কালাম আজাদ স্মৃতি মেধা পুরস্কার প্রদান করা হইবে।

২) ২০২০ইং সনে মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় সর্বাপেক্ষা বেশী নম্বর প্রাপ্ত একজন করে মোট ২ (দুই) জন মুসলিম ছাত্রীকে বেগম রোকেয়া স্বর্ণপদক পুরস্কার এবং স্বর্ণপদকে পুরস্কৃত করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারী ছাত্রীদের মধ্য থেকে সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে মান নির্ধারিত হইবে।

উক্ত প্রকল্পে যোগ্যতা সম্পন্ন ছাত্রছাত্রীদের জানানো যাইতেছে যে, উপরিস্থ পুরস্কারের জন্য আগামী ৩০শে সেপ্টেম্বর, ২০২০ইং তারিখের মধ্যে নিম্নলিখিত তথ্যসহ সাদা কাগজে সংখ্যালঘু কল্যাণ দপ্তরে আবেদনপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাইতেছে।

বিস্তারিত বিবরণের জন্য সংখ্যালঘু কল্যাণ দপ্তর, আগরতলা, পশ্চিম ত্রিপুরায় যোগাযোগ করা যেতে পারে। দূরভাষ:
০৩৮ ১-২৩০০০৩৪/২৩২৮২৩২

১৯/৯/২০২০
(সন্তোষ দাস)
অধিকর্তা
সংখ্যালঘু কল্যাণ দপ্তর

আবেদনপত্রে নিম্নলিখিত প্রয়োজনীয় তথ্যগুলি উল্লেখ থাকতে হবে

- ১) ছাত্রছাত্রীর নাম :
- ২) পিতা/অভিভাবকের নাম :
- ৩) বিদ্যালয়ের নাম :
- ৪) মহকুমার নাম :
- ৫) স্থায়ী ঠিকানা :
- ৬) কোন পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে :
(এডমিট কার্ডের প্রত্যাযিত নকল জুড়িয়া দিতে হবে)
- ৭) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের (মোট নম্বর/প্রাপ্ত নম্বর) বিবরণ :
(মার্কশিটের প্রত্যাযিত নকল জুড়িয়া দিতে হবে)
- ৮) প্রাপ্ত নম্বরের শতকরা হিসাব :
- ৯) সংখ্যালঘু কোন সম্প্রদায় ভুক্ত :
- ১০) আধার নম্বর :
(আধার কার্ডের প্রত্যাযিত নকল জুড়িয়া দিতে হবে)
- ১১) ব্যাঙ্ক একাউন্ট নম্বর :
(ব্যাঙ্ক পাশবুকের প্রত্যাযিত নকল জুড়িয়া দিতে হবে)
- ১২) ব্যাঙ্কের IFSC Code :
- ১৩) মোবাইল নম্বর :

(সংখ্যালঘু কল্যাণ দপ্তর, পুরাতন সেক্রেটারিয়েট কমপ্লেক্স, আগরতলা, পশ্চিম ত্রিপুরা থেকে প্রচারিত)